ঢাকা পাওয়ার ডিষ্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড
DHAKA POWER DISTRIBUTION COMPANY LIMITED
(An Enterprise of the Government of the People's Republic of Bangladesh)

Office of the GM (ICT/ Technical)
ICT, Energy & Metering
Plot # 04, Road # 1/a, Block # J
Madani Avenue, Baridhara,
Dhaka.
Phone: 9882800, Fax:9881245

স্মারক নং: ৮৭.৫১৪.৪২৬.০০.০০.০০০.২০২১.১৭৩ তারিখ: ০১.০৬.২১ খ্রি.

# ইনোভেশন কমিটির সভার কার্য বিবরণী

মহাব্যবস্থাপক (আইসিটি/টেকনিক্যাল), ডিপিডিসি মহোদয়ের সভাপতিত্বে ভিডিও কনফারেন্সের মাধ্যমে ৩০ মে ২০২১ খ্রি. তারিখ সকাল ১০.৩০ টায় ডিপিডিসি'র ইনোভেশন কমিটির একটি সভা অনুষ্ঠিত হয়। সভায় নিম্নবর্ণিত কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন:

০১. জনাব মো. কামরুল আহছান, উপমহাব্যবস্থাপক (আইসিটি), ডেভেলপমেন্ট, ডিপিডিসি।
০২. জনাব মোহাম্মদ মহিউল আলম, তত্ত্বাবধায়ক প্রকৌশলী, প্রশিক্ষণ ও উন্নয়ন, ডিপিডিসি।
০৩. জনাব মোহাম্মদ সাইফুল আমিন, তত্ত্বাবধায়ক প্রকৌশলী, স্টোর ম্যানেজমেন্ট, ডিপিডিসি।
০৪. জনাব মো. শাহেদ বিশ্বাস, নির্বাহী প্রকৌশলী, মিটারিং (সাউথ), ডিপিডিসি।
০৫. জনাব ডি.এম. কামরুল হাসান, ব্যবস্থাপক (আইসিটি), ডেভেলপমেন্ট, ডিপিডিসি।
০৬. জনাব মোহাম্মদ আজম খান, নির্বাহী প্রকৌশলী, আইসিটি ডেভেলপমেন্ট, ডিপিডিসি।
০৭. জনাব মো. আতিকুল ইসলাম, ব্যবস্থাপক (অর্থ), ফিনান্সিয়াল ম্যানেজমেন্ট এন্ড অ্যাকাউন্টিং, ডিপিডিসি।
০৮. জনাব মো: আশরাফ উদ্দিন, ব্যবস্থাপক (এইচ আর, সিকিউরিটি অপারেশন্স, ডিপিডিসি।
০৯. জনাব দীপক চন্দ্র রায়, উপ-ব্যবস্থাপক (আইসিটি), ডেভেলপমেন্ট, ডিপিডিসি।
১০. জনাব মো. আরাফাত ইমতিয়াজ, উপ-ব্যবস্থাপক (আইসিটি), ডেভেলপমেন্ট, ডিপিডিসি।
১১. জনাব মো. তানভীর আহমেদ, সহকারী ব্যবস্থাপক (আইসিটি), রেভিনিউ, ডিপিডিসি ।
১২. অমিত কুমার দাস,উপ-সহকারী প্রকৌশলী, নির্বাহী প্রকৌশলী (গ্রীড নর্থ-২), ডিপিডিসি।

সভার সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভায় ডিপিডিসি'র ইনোভেশন কার্যক্রমের অগ্রগতি বিষয়ে বিস্তারিত আলোচনা এবং নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহিত হয়:

| ক্রমিক নং | আলোচনার বিষয় বস্তু | সিদ্ধান্ত | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা |
|---|---|---|---|
| ০১ | ২০২০-২০২১ বৎসরের উদ্ভাবনী উদ্যোগের বাস্তবায়ন অগ্রগতি | ১। গ্রাহক সেবা বৃদ্ধিতে NON-SAS Substation এ IOT বেজড ডিভাইস এর মাধ্যমে এবং SAS Substation এ প্রাপ্ত ডাটা ব্যবহার করে স্বয়ংক্রিয়ভাবে বিদ্যুতের Interruption তথ্য Real-time এ প্রদান উদ্যোগটি ১৭২ টি ফিডারের মধ্যে NON-SAS Substation এর ক্ষেত্রে ৪ টি ফিডার এবং SAS Substation এর ক্ষেত্রে ১৩০ টি ফিডারসহ মোট ১৩৪ টি ফিডার সম্পন্ন হয়েছে। SAS Substation এর ক্ষেত্রে অবশিষ্ট ২২ টি এবং NON-SAS Substation এর ক্ষেত্রে অবশিষ্ট ১৬ টি ফিডার জুন,২০২১ এর মধ্যে বাস্তবায়ন করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২। মোট ৫ টি ট্রান্সফরমার স্থাপন করে পাইলটিং করা | জনাব মোঃ শফিকুল ইসলাম, নির্বাহী প্রকৌশলী, সিস্টেম প্রটেকশন (নর্থ), ডিপিডিসি।<br><br>জনাব মোহাম্মদ আজম খান, নির্বাহী প্রকৌশলী, আইসিটি ডেভেলপমেন্ট, ডিপিডিসি।<br><br>জনাব দীপক চন্দ্র রায়, |

| ক্রমিক নং | আলোচনার বিষয় বস্তু | সিদ্ধান্ত | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা |
|---|---|---|---|
| | | হয়েছে। প্রথম ধাপে ডিপিডিসি'র চীফ ইঞ্জিনিয়ার, এনওসিএস (নর্থ) দপ্তরের সামনে, হাজারীবাগ ও লালবাগ এলাকায় মোট ৩ টি পরীক্ষামূলকভাবে স্থাপন করা হয়েছে। পরবর্তীতে ২ টি ট্রান্সফরমার আদাবর এলাকায় স্থাপন করা হয়। | উপ-ব্যবস্থাপক (আইসিটি), ডেভেলপমেন্ট, ডিপিডিসি। |
| ০২ | উদ্ভাবকগণকে প্রশংসাসূচক উপ-আনুষ্ঠানিক পত্র এবং ক্রেস্ট প্রদান | ২০২০-২০২১ বৎসরের উদ্ভাবকগণকে উপ-আনুষ্ঠানিক পত্র প্রদান এবং জুন,২০২১ এর শেষ সপ্তাহে ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের অনুমোদন সাপেক্ষে ক্রেস্ট প্রদান করা হবে মর্মে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। ব্যবস্থাপনা মহোদয়ের সভাপতিত্বে জুম ভিডিও কনফারেন্সের মাধ্যমে উদ্ভাবকগণকে এ সম্মাননা প্রদান করা হবে। | জনাব ডি.এম. কামরুল হাসান, ব্যবস্থাপক (আইসিটি), ডেভেলপমেন্ট, ডিপিডিসি।<br><br>জনাব মো. তানভীর আহমেদ, সহকারী ব্যবস্থাপক (আইসিটি), রেভিনিউ, ডিপিডিসি ।<br><br>জনাব অমিত কুমার দাস,উপ-সহকারী প্রকৌশলী, নির্বাহী প্রকৌশলী (গ্রীড নর্থ-২), ডিপিডিসি। |
| ০৩ | উদ্ভাবন ও সেবা সহজিকরণ বিষয়ে এক দিনের কর্মশালা/ সেমিনার | উদ্ভাবন ও সেবা সহজিকরণ বিষয়ে একটি এক দিনের কর্মশালা আগামি জুন, ২০২১ মাসে প্রশিক্ষণ ও উন্নয়ন দপ্তরের মাধ্যমে অনলাইন প্ল্যাটফর্মে আয়োজন করা হবে এবং উক্ত কর্মশালায় ডিপিডিসি'র বুনিয়াদী প্রশিক্ষণে অংশগ্রহণকারী নবীন কর্মকর্তাদের নিকট হতে প্রাপ্ত উদ্ভাবনী ধারণার উপর ভিত্তি করে ১০ জন কর্মকর্তাকে ও ২০২০-২০২১ বৎসরের উদ্ভাবনী উদ্যোগ বাস্তবায়নকারী কর্মকর্তাদেরকে মনোনয়ন প্রদান করা হবে মর্মে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | জনাব মোহাম্মদ মহিউল আলম, তত্ত্বাবধায়ক প্রকৌশলী, প্রশিক্ষণ ও উন্নয়ন, ডিপিডিসি। |
| ০৪ | ইনোভেশন খাতে বাজেট বরাদ্দ | ইনোভেশন খাত অর্থাৎ ডিপিডিসি'র Research and Development খাতে মোট ৭.৬০ লক্ষ্ টাকা বাজেট বরাদ্দ করা হয়েছে। এর মধ্যে ডিজিএম আইসিটি, ডেভেলপমেন্ট দপ্তরের অনুকুলে ২.৮ লক্ষ এবং তত্ত্বাবধায়ক প্রকৌশলী, স্টোর ম্যানেজেমেন্ট এর অনুকূলে ৪.৮ লক্ষ টাকা বরাদ্দ করার সিদ্ধান্ত গৃহিত হয়। | জনাব মো. আতিকুল ইসলাম, ব্যবস্থাপক (অর্থ), ফিনান্সিয়াল ম্যানেজমেন্ট এন্ড অ্যাকাউন্টিং, ডিপিডিসি। |

| ক্রমিক নং | আলোচনার বিষয় বস্তু | সিদ্ধান্ত | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা |
|---|---|---|---|
| ০৫ | ডিপিডিসি'র অভ্যন্তরীণ উদ্ভাবনী উদ্যোগ | ডিপিডিসি'র অভ্যন্তরীণ উদ্ভাবনী কার্যক্রমে অন্তর্ভুক্ত পেনশন ম্যানেজমেন্ট সিস্টেম উদ্যোগটির Time, Cost, Visit (TCV) বিশ্লেষণ করে একটি ডকুমেন্ট তৈরি করা হবে মর্মে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | জনাব মো. আতিকুল ইসলাম, ব্যবস্থাপক (অর্থ), ফিনান্সিয়াল ম্যানেজমেন্ট এন্ড অ্যাকাউন্টিং, ডিপিডিসি।<br><br>নির্বাহী প্রকৌশলী (গ্রীড নর্থ-২), ডিপিডিসি |
| | | ডিপিডিসি'র অভ্যন্তরীণ উদ্ভাবনী কার্যক্রমে অন্তর্ভুক্ত মিটার রিডিং ম্যানেজমেন্ট ইন গ্রিড সাব-স্টেশন উদ্যোগটি বাস্তবায়নের জন্য প্রয়োজনীয় একটি প্রিন্টার নির্বাহী প্রকৌশলী (গ্রীড নর্থ-২), ডিপিডিসি দপ্তর হতে ক্রয় করার সিদ্ধান্ত গৃহীত হয়। | জনাব অমিত কুমার দাস,উপ-সহকারী প্রকৌশলী, নির্বাহী প্রকৌশলী (গ্রীড নর্থ-২), ডিপিডিসি। |
| ০৬ | বাস্তবায়িত উদ্ভাবনী উদ্যোগের ডকুমেন্টেশন ও ভিডিও তৈরি | ডিপিডিসি'র ২০২০-২০২১ বৎসরের উদ্ভাবনী উদ্যোগ দুইটির ডকুমেন্টেশন এবং এক থেকে তিন মিনিটের ভিডিও আগামি জুন,২০২১ এর মধ্যে তৈরি করা হবে মর্মে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | জনাব মোহাম্মদ সাইফুল আমিন, তত্ত্বাবধায়ক প্রকৌশলী, স্টোর ম্যানেজমেন্ট, ডিপিডিসি।<br><br>জনাব মোহাম্মদ আজম খান, নির্বাহী প্রকৌশলী, আইসিটি ডেভেলপমেন্ট, ডিপিডিসি।<br><br>জনাব দীপক চন্দ্র রায়, উপ-ব্যবস্থাপক (আইসিটি), ডেভেলপমেন্ট, ডিপিডিসি। |
| ০৭ | ২০১৯-২০২০ বৎসরের উদ্ভাবনী উদ্যোগসমূহের রেপ্লিকেশন এবং স্কেলআপ | Life Saving Device against Electrical Hazard উদ্ভাবনী উদ্যোগটি ডিপিডিসি'র বিভিন্ন গ্রিড অফিসে বাস্তবায়ন করার জন্য ব্যবস্থা গ্রহন করা হবে মর্মে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | জনাব মো. শাহেদ বিশ্বাস, নির্বাহী প্রকৌশলী, মিটারিং (সাউথ), ডিপিডিসি।<br><br>জনাব মোঃ হাবিবুল্লাহ, নির্বাহী প্রকৌশলী, ৩৩/১১ কেভি সাব-স্টেশন ও লাইন, প্রজেক্ট- |

| ক্রমিক নং | আলোচনার বিষয় বস্তু | সিদ্ধান্ত | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা |
|---|---|---|---|
| | | | ১, ডিপিডিসি।<br><br>জনাব কাজী আশিকুর রহমান, নির্বাহী প্রকৌশলী, রিনিউএবল এনার্জি এন্ড রিসার্চ , ডিপিডিসি। |
| | | GPS বেসড অপারেশনাল কমপ্লেইন ম্যানেজমেন্ট সিস্টেম উদ্ভাবনী উদ্যোগটি পরিবাগ এনওসিএস এ বাস্তবায়ন করা হবে মর্মে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | জনাব মোহাম্মদ মহিউল আলম, তত্ত্বাবধায়ক প্রকৌশলী, প্রশিক্ষণ ও উন্নয়ন, ডিপিডিসি।<br><br>জনাব মো. তানভীর আহমেদ, সহকারী ব্যবস্থাপক (আইসিটি), রেভিনিউ, ডিপিডিসি । |
| ০৮ | নতুন উদ্ভাবনী ধারণা আহবান | ২০২১-২০২২ বৎসরে অন্তর্ভুক্ত করার নিমিত্তে উদ্ভাবনী উদ্যোগ বাছাইয়ের জন্য নতুন উদ্ভাবনী ধারণা আহবান করা হবে মর্মে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | ইনোভেশন কমিটির সকল সদস্য। |

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপনের মাধ্যমে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

প্রকৌ. মো. রবিউল হাসান
মহাব্যবস্থাপক (আইসিটি/টেকনিক্যাল)
আইসিটি, এনার্জি এন্ড মিটারিং
ডিপিডিসি

বিতরণ:
০১. ব্যবস্থাপনা পরিচালক, ডিপিডিসি।
০২. নির্বাহী পরিচালক (অ্যাডমিনিসট্রেইশন এন্ড এইচ আর/অর্থ/ প্রকৌশল / অপারেশন / আইসিটি এন্ড প্রকিউরমেন্ট), ডিপিডিসি।
০৩. কোম্পানি সচিব / প্রধান প্রকৌশলী / মহাব্যবস্থাপক ......................................., ডিপিডিসি।
০৪. তত্ত্বাবধায়ক প্রকৌশলী/উপ-মহাব্যবস্থাপক ..................................................., ডিপিডিসি।
০৫. জনাব ..........................................................................................
০৬. দপ্তর নথি / মাস্টার ফাইল।